প্রাপ্তি স্বীকারপত্র
রেজি ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)১৯/কাস-বন্ড/লাইঃ/পার্ট-০৩/২০০৩/ তারিখ ঃ .০৫.২০২১ খ্রিঃ।

## আদেশ

**বিষয় ঃ মেসার্স ইভেন্স টেক্সটাইল লিঃ, ঠিকানাঃ শিরিরচালা, ভবানীপুর, জয়দেবপুর, গাজীপুর এর বন্ড লাইসেন্সের কার্যক্রম সাময়িক স্থগিত (suspend) করণ ও BIN Lock করণ।**

মেসার্স ইভেন্স টেক্সটাইল লিঃ, ঠিকানাঃ শিরিরচালা, ভবানীপুর, জয়দেবপুর, গাজীপুর (বন্ড লাইসেন্স নং- ৩১১/কাস-এসবিডব্লিউ/২০০৩, তারিখ ঃ ১১.০৫.২০০৩ খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ১৮০৯১০১৭১৮৯, তারিখঃ ২৭.১১.২০১২ খ্রিঃ, ই-বিন নং- ০০০১১৪৪৬৪, তারিখঃ ১৬.০৫.২০১৭ খ্রিঃ)] নামীয় প্রতিষ্ঠানটির বিরুদ্ধে কাঁচামাল/পণ্য অবৈধ অপসারণের গুরুতর অভিযোগ রয়েছে। এছাড়াও প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ৩৪,৪৪,৮৮,৫৫৫.০০ (চৌত্রিশ কোটি চুয়াল্লিশ লক্ষ আটাশি হাজার পাঁচশত পঞ্চান্ন) টাকার দাবিনামা রয়েছে।

০২। প্রতিষ্ঠান কর্তৃপক্ষের উক্তরূপ কার্যকলাপ The Customs Act, 1969 এর chapter XI এর সঙ্গে পঠিতব্য বন্ড লাইসেন্সের শর্ত এবং একই আইনের section 97 ও 114 বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহের সুস্পষ্ট লংঘন। উল্লিখিত অপরাধ একই আইনের Section 13 এর sub-section (3) এবং Section 156 এর sub-section (1) এর টেবিলভুক্ত clause 1, 12 ও 90 অনুযায়ী দন্ডযোগ্য।

০৩। এমতাবস্থায়, উপরিউক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে The Customs Act, 1969 এর Section 13 এর sub-section (3) এর ক্ষমতাবলে মেসার্স ইভেন্স টেক্সটাইল লিঃ, ঠিকানাঃ শিরিরচালা, ভবানীপুর, জয়দেবপুর, গাজীপুর (বন্ড লাইসেন্স নং- ৩১১/কাস-এসবিডব্লিউ/২০০৩, তারিখ ঃ ১১.০৫.২০০৩ খ্রিঃ, মূসক নিবন্ধন নং- ১৮০৯১০১৭১৮৯, তারিখঃ ২৭.১১.২০১২ খ্রিঃ, ই-বিন নং- ০০০১১৪৪৬৪, তারিখঃ ১৬.০৫.২০১৭ খ্রিঃ)] এর বন্ড লাইসেন্সের কার্যকারিতা এবং Business Identification Number (BIN) এতদ্বারা সাময়িকভাবে স্থগিত (suspend) ও BIN Lock করা হলো। এ দপ্তরের সাথে পরামর্শ ব্যতীত উক্ত BIN unlock না করার জন্য এবং আমদানি-রপ্তানি কার্যক্রম বন্ধ রাখার জন্য সকল শুল্ক ভবন-কে অনুরোধ করা হলো।

প্রাপক ঃ ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স ইভেন্স টেক্সটাইল লিঃ
শিরিরচালা, ভবানীপুর, জয়দেবপুর, গাজীপুর।

[খালেদ মোহাম্মাদ আবু হোসেন]
অতিরিক্ত কমিশনার
কমিশনারের পক্ষে

নথি নং-৫(১৩)১৯/কাস-বন্ড/লাইঃ/পার্ট-০৩/২০০৩/ ৫৬৩৭ ( ) তারিখ ঃ ১২.০৫.২০২১ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-**

১-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মংলা/আইসিডি, কমলাপুর, ঢাকা/পানগাঁও, কেরানীগঞ্জ/কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৮-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা (উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/রংপুর/ কুমিল্লা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/সিলেট/যশোর।
১৯। মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত পরিদপ্তর, আইডিইবি ভবন, ১৬০/এ, কাকরাইল, ঢাকা।
২০-২১। সিস্টেম এনালিষ্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা । তাঁকে বিষয়টি কম্পিউটার সিষ্টেমে ধারণ করার জন্য অনুরোধ করা হলো।
২২। পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা ।
২৩-৩০। সহকারী কমিশনার, ডিইপিজেড,সাভার, ঢাকা/সিইপিজেড, চট্টগ্রাম /কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/ কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম/উত্তরা ইপিজেড, নীলফামারী/সোনামসজিদ স্থলবন্দর, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ/ঈশ্বরদী ইপিজেড, পাবনা।
৩১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস # ৭/৭এ, ব্লক # এইচ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা- ১২৩০।
৩২। ব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল শাখা, মতিঝিল, ঢাকা।
৩৩। ব্যবস্থাপক, মধুমতি ব্যাংক লিঃ, গুলশান শাখা, গুলশান এভিনিউ, ঢাকা- ১২১২।
৩৪। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় শাখা, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১০০০।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-**

১. পি. এ টু সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পি. এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।

১২/০৫/২০২১

[কাঞ্চন রানী দত্ত]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে

BIN Lock SCN

রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা।
www.cbc.gov.bd

নথি নং- ৫(১৩)১৩৯/কাস-বন্ড/লাইঃ/১৯৯৯/ তারিখ: /০৫/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ আমদানিকৃত কাঁচামাল বন্ডেড ওয়্যার হাউসে মজুদ দেখতে না পাওয়া ও নন-বন্ডেড প্রতিষ্ঠানের সাথে সাব-কন্ট্রাক্ট এর কাজ চলমান অবস্থায় দেখতে পাওয়ায় এবং যথাসময়ে নিরীক্ষা না করায় আপনার/আপনাদের প্রতিষ্ঠানের **BIN Lock** সহ বন্ড লাইসেন্স কেন চূড়ান্ত বাতিল করা হবে না সে বিষয়ে কারণ দর্শাও নোটিশ জারি।

উর্পযুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মেসার্স সুপার সাইন ফ্যাশনস লিমিটেড, চেয়ারম্যান প্লাজা (৪র্থ তলা), দক্ষিণখান বাজার, দক্ষিণখান, ঢাকা (বন্ড লাইসেন্স নং-২৪২১/কাস-এসবিডব্লিউ/১৯৯৯, তারিখঃ ২০/০৩/১৯৯৯ খ্রিঃ, মুসক নিবন্ধন নং-৯১৬১০০৬৬১, ই-বিন নং-০০১১৪৭৩৮৬৮) নামীয় প্রতিষ্ঠানটি ২২/০৩/২০১৮ খ্রিঃ হতে অদ্যাবধি নিরীক্ষা কাজে সহযোগীতা না করা সহ প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ০১(এক) টি **Consignments** বি/ই সি-২১২৩৮ তারিখঃ ২২/১২/২০২০ খ্রিঃ যার শুল্কায়নযোগ্য মূল্য ৭১,০৮,২৩৫.৭৬ (একাত্তর লক্ষ আট হাজার দুইশথ পয়ত্রিশ দশমিক সাত ছয়) টাকা এবং জড়িত রাজস্ব ৬৩,৪৯,১২০.৮৫ (তেষট্টি লক্ষ উনপঞ্চাশ হাজার একশত বিশ দশমিক আট পাঁচ) টাকা এর কাটিং তদারকির নির্দেশনা থাকায় বিগত ০৯/০২/২০২১ খ্রিঃ তারিখে সরেজমিনে প্রতিষ্ঠান পরিদর্শনকালে উপরোক্ত বি/ই এর মাধ্যমে আমদানিকৃত পণ্য চালানটি বন্ডেড ওয়্যারহাউসে দেখতে না পাওয়ায় প্রতিষ্ঠান কর্তৃপক্ষের কাছে এ বিষয়ে জিজ্ঞাসা করলে তারা কোন সদুত্তর দিতে পারেন নাই। এ ধরনের কার্যকলাপ ইতোপূর্বেও এ দপ্তর হতে কাটিং তদারকির ব্যতিরেকে (বি/ই নং-সি-৭৪৪৯ তারিখ-১০/০৫/২০২০ খ্রিঃ, বি/ই নং-সি-৭৪৫১ তারিখ-১০/০৫/২০২০ খ্রিঃ) আমদানিকৃত কাঁচামাল অবৈধ অপসারন করায় প্রতিষ্ঠান বরাবর নথি নং-৫(১৩)১৩৯/কাস-বন্ড/লাইঃ/১৯৯৯/৮৫৪, তারিখ-১৭/০১/২০২১ খ্রিঃ এর মাধ্যমে ১,১০,৩৮,১২২.০০ (এক কোটি দশ লক্ষ আটত্রিশ হাজার একশত বাইশ) টাকার দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হলেও তারা কোন প্রকার জবাব দাখিল করেননি বা শুনানীতে উপস্থিত হননি।

০৩। আপনার/আপনাদের এ ধরনের কার্যকালাপ **The Customs Act, 1969** এর **Section 13** এর **Sub-Section (1)** ও **(2)** এর সঙ্গে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের শর্ত এবং একই আইনের **Section 86, 97** ও বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর সুস্পষ্ট লংঘন হওয়ায় **The Customs Act, 1969** এর **Section 13(3)** অনুযায়ী আপনার/আপনাদের প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স বাতিলযোগ্য এবং একই আইনের **Section 156(1)** এর টেবিলভুক্ত **Clause 1, 12** ও **90** অনুযায়ী দন্ডযোগ্য।

০৪। এমতাবস্থায়, লাইসেন্সটির কার্যক্রম ঝুঁকিপূর্ণ বিধায় **The Customs Act, 1969** এর **Section 13(3)** ও এর সাথে পঠিতব্য লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর বিধি-৯ এর প্রদত্ত ক্ষমতাবলে সাময়িক স্থগিত **(Suspend)** ও **BIN (Business Identification No)** লক করা হলো। একই সাথে আপনার/আপনাদের প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স কেন চূড়ান্তভাবে বাতিল করা হবে না তার ব্যাখ্যা সম্বলিত লিখিত জবাব আগামী ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রদানের অনুরোধ করা হলো। আপনি যদি শুনানি প্রদানে আগ্রহী হন তাও লিখিত জবাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন জবাব পাওয়া না গেলে নথিতে রক্ষিত দলিলাদির ভিত্তিতে আইনানুগভাবে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

স্বাঃ-
[ কাজী মোস্তাফিজুর রহমান ]
কমিশনার
ফোন- ০২২২২২২৭০০০
ই-মেইল: bondcomdhk@gmail.com
তারিখ: ১২/০৫/২০২১ খ্রিঃ।

ব্যবস্থাপনা পরিচালক
মেসার্স সুপার সাইন ফ্যাশনস লিমিটেড
চেয়ারম্যান প্লাজা (৪র্থ তলা), দক্ষিণখান বাজার, দক্ষিণখান, ঢাকা।

নথি নং- ৫(১৩)১৩৯/কাস-বন্ড/লাইঃ/১৯৯৯/ ৫২৬০ (৩)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। উল্লিখিত তথ্যাদি বন্ড কমিশনারেটের ওয়েবসাইটে upload করার জন্য অনুরোধ করা হলো।
০২। সহকারী রাজস্ব কর্মকর্তা, গার্মেন্টস সার্কেল-০৬, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
০৩। পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা ( কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৪/০৫/২১
[ মোঃ জাহাঙ্গীর আলম ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে।